‘প্রতিশ্রুত রাহবার’ সিরিজ-০১

মুসলিম উম্মাহ্‌র প্রতিশ্রুত রাহ্‌বারের আগমনঃ

২০২০ সাল-ই কি সেই প্রতীক্ষিত ক্ষণ?

-শাইখ মাহমুদ আল হিন্দী

অনুবাদ-
আবু আব্দুল্লাহ

উৎসর্গ:

উম্মতের প্রতিশ্রুত রাহ্‌বার হযরত ইমাম মাহদী আলাইহিস্ সালাম এবং তাঁর গোরাবা (অপরিচিত) ৩১৩ জন ‘বদরী’ সাথীদেরকে- যাঁরা আসমানের নীচে ও যমীনের উপরে সর্বশ্রেষ্ঠ এবং যাঁদের উপর আসমানবাসী ও যমীনবাসী সন্তুষ্ট।

وَمَا يَذَّكَّرُ إِلاَّ أُوْلُواْ ٱلألْبَابِ ﴿٧﴾

“আর বোধশক্তি সম্পন্ন ব্যক্তিবর্গ ছাড়া অন্য কেউ উপদেশ গ্রহণ করেনা।” (সূরা আলে-ইমরান ৩:৭)

!!! সতর্কতা !!!

কে হবেন ইমাম মাহদী আলাইহিস্ সালাম, তাঁর আগমনের সাল ও ক্ষণ একটি গাইবের বিষয়। এ বিষয়ের প্রকৃত জ্ঞান একমাত্র আল্লাহ তাআলারই আছে। আমি একজন নগণ্য, অযোগ্য 'তালিবুল মাহদী' (ইমাম মাহদীর তালাশকারী)। তথাপি আল্লাহ্ তাআলার অসীম রহমতের প্রত্যাশী, যেন তিনি আমাকে ইমাম মাহদী আলাইহিস্ সালামের পরম সৌভাগ্যবান **৩১৩** জন সাথীদের একজনের অন্তর্ভূক্ত করেন। প্রকৃতপক্ষে, এমন তামান্না এবং তার জন্য উপযুক্ত প্রচেষ্টা প্রত্যেক মুমিনেরই থাকা চাই। এ বিষয়ে দুআ, রোনাজারি আর কিঞ্চিৎ আগে বাড়ার ফলে আল্লাহ তাআলা আমাকে কিছু স্বপ্ন আর উমরাহ্র সফরে বহুবিধ বাস্তব নিদর্শন প্রদর্শন করেন। হাদীসের ভাষ্য এবং বর্তমান বিশ্ব পরিস্থিতি বিবেচনায়, এটাই প্রতীয়মান হয় যে, ইন্শাআল্লাহ ২০২০ সাল (১৪৪১ হিজরী)-ই উম্মতের সেই প্রতীক্ষিত ক্ষণ, যখন ঘটবে মুসলিম উম্মাহর প্রতিশ্রুত সেই রাহ্বারের আগমন। তারপরও সবকিছু আল্লাহ তাআলাই সর্বাধিক ভালো জানেন। আর আমাদের কর্তব্য প্রবল সম্ভাবনাকে সামনে রেখে নিজেদেরকে হিজরত ও জিহাদের জন্য প্রস্তুত করা।

ইমাম মাহদী আলাইহিস্ সালামের আগমন, তাঁর প্রকাশ অত্যন্ত গোপনীয় একটি বিষয়। আল্লাহ তাআলা যাকে ইচ্ছা তাকে এর ইলম দান করেন। আর তাই আখেরী যামানার আলামতসমূহ সম্পর্কে গাফেল ও বর্তমান বিশ্বপরিস্থিতি সম্পর্কে বে-খবর, অপাত্রে কখনোই এর ইলম না ঢালা চাই। অবুঝ, বে-তলবদের সাথে আলোচনা, সমালোচনা, তর্ক-বাহাছ সর্বাবস্থায় পরিত্যাজ্য। আল্লাহ তাআলা এই বিষয়ে যাকে পথ প্রদর্শন না করবেন, সে কখনোই পথ পেতে পারে না। এই কিতাব শুধুই তার জন্য, যিনি ইমাম মাহদী আলাইহিস্ সালামের তালাশ করছেন, তাঁর হাতে বাইয়াত হয়ে উম্মতের সর্বশ্রেষ্ঠ **৩১৩** জন সৌভাগ্যশীলদের অন্তর্ভূক্ত হওয়ার স্বপ্ন দেখেন এবং এর যোগ্যতা ও ক্ষমতাও রাখেন। আল্লাহ তাআলা যেন আমাদের কাউকে মাহরুম (বঞ্চিত) না করেন। আমীন।

-মাহ্মুদ আল হিন্দী

তারিখ: ০২ জুলাই, ২০১৯ ঈসায়ী।

সূচিপত্র

প্রথম ভাগ

বর্তমান যামানা কি ইমাম মাহদী আলাইহিস্ সালাম-এর আগমনের প্রতিশ্রুত সময়?

বর্তমান যামানা কি ইমাম মাহদী আলাইহিস্ সালাম- এর আগমনের প্রতিশ্রুত সময়?

১. ইমাম মাহদী আ. এর আগমনের পূর্বে কিয়ামতের যে সব আলামত প্রকাশ পাবে:

ক. দূরবর্তী নিদর্শনসমূহ:

- রাসূল ﷺ এর আগমন।
- চাঁদ দ্বিখন্ডিত হওয়া।
- মদীনায় বিশাল অগ্নিকুন্ড প্রকাশ, যার আলোতে ইরাকের বসরা শহরের উটগুলোর গর্দান আলোকিত হয়ে উঠবে (বুখারি শরীফ, মুসলিম শরীফ, হাদিস নং-৭৪৭৩) [উল্লেখ্য, আগুনটি ৬৫৪ হিজরীর জুমাদিউস সানির এক শুক্রবারে প্রকাশ পায়।- আল বিদায়া ওয়ান নিহায়া।]

খ. সামাজিক পরিস্থিতি সম্পর্কে ভবিষ্যৎ বাণী:

- প্রায় ৩০ জনের মত মিথ্যা নবুওয়তের দাবীকারীর আত্মপ্রকাশ (বুখারী-৩৪১৩)
- অধিকহারে সংঘাত ও হত্যাযজ্ঞ (বুখারী-৫৬৯০/মুসলিম-৬৯৬৪)
- স্বল্প কাপড় পরিহিত নগ্ন নারীদের আত্মপ্রকাশ (মুসলিম-৭৩৭৩/৫৭০৪)
- অশ্লীলতা-বেহায়াপনা বৃদ্ধি (মুসনাদে আহমদ-৬৫১৮/মুসতাদরাকে হাকেম-৮৬৪৪)
- মেয়েদের সাথে মেলামেশা বৈধজ্ঞান (বুখারী-৫২৬৮)
- যিনা/ব্যভিচার ব্যাপকতা লাভ (মুসলিম-৬৯৫৭)
- মদ্য এবং গান-বাজনা বৈধজ্ঞান (বুখারী-৫২৬৮)
- পুরুষ হ্রাস, মহিলার সংখ্যা বৃদ্ধি, ১ঃ৫০ হবে (মুসলিম-৬৯৫৭)
- যাকাত প্রদানকে জরিমানা জ্ঞান (তিরমিযী-২২১১)
- আল্লাহর জ্ঞান ছেড়ে পার্থিব জ্ঞান অর্জনে মনোনিবেশ (তিরমিযী-২৬৮৫)
- মায়ের অবাধ্য হয়ে স্ত্রীকে সন্তুষ্টকরণ (তিরমিযী-২২১১)
- পিতাকে দূরে ঠেলে দিয়ে বন্ধু বান্ধবকে কাছে আনয়ন (তিরমিযী-২২১১)
- মসজিদে চিল্লাচিল্লি ও ব্যাপক হৈ-হুল্লোড় (তিরমিযী-২২১১)
- সর্বনিকৃষ্ট ব্যক্তি - সমাজের নেতা (তিরমিযী-২২১১)
- সময় দ্রুত অতিবাহিত হওয়া (বুখারী-৫৬৯০/মুসলিম-৬৯৬৪)
- মানুষ সকালে মুমিন থাকবে, বিকালে কাফের হয়ে যাবে (মুসলিম-৩২৮)
- মসজিদের কারুকার্যকরণ নিয়ে প্রতিযোগিতা শুরু হবে (আবু দাউদ-৪৪৯)
- অধিক বজ্রপাত হবে (মুসনাদে আহমদ-১১৬৩৮)
- অধিক হারে ভূমিকম্প হবে (মুঃ আহমাদ-১৯৭৬৭/মুঃ হাঃ-৮৩৭২/আবু দাউদ-২৫৩৭)

- কুরআনকে অবহেলা এবং অন্যান্য গ্রন্থের ছড়াছড়ি (তাবারানী)
- কুরআন পড়ে বিনিময় গ্রহণ (মুসনাদে আহমদ-১৯৮৯৮)
- তুচ্ছ ও স্বল্পজ্ঞানীদের নিকট দ্বীনের এলেম অন্বেষণ (আয-যুহদ.লি ইবনিল মুবারক-৬১)
- আকস্মিক মৃত্যুর হার বৃদ্ধি (তাবারানী, মুজামুল আওছাত-১৭০)
- মিথ্যার ব্যাপক প্রচার প্রসার (মুসলিম-১৬)
- পরস্পর হিংসা-বিদ্বেষ বৃদ্ধি (মুসনাদে আহমাদ-২৩৩৫৪)
- দাসীর গর্ভ হতে মনিবের জন্ম (মুসলিম-১০৬)
- দেহে মাংসলতা ও স্থুলতা বৃদ্ধি (বুখারী-৩৪৫০/মুসলিম-৬৬৩৮)

গ. বর্তমান বিশ্ব পরিস্থিতি সম্পর্কে ভবিষ্যৎ বাণীঃ

- মক্কার জাবালে আবি কুবাইস এবং জাবালে কুআঈকাআন-এর উপর বিল্ডিং প্রকাশ পাওয়া এবং মক্কায় পানির ঝর্ণাসমূহ (পাইপ লাইন) খনন করা হবে। (মুসান্নাফে আবি শায়বা)
- খোরাসান (বর্তমান আফগানিস্তান) হতে **কালো পতাকাবাহী বাহিনী** আত্মপ্রকাশ ঘটবে (যারা পরবর্তীতে ইমাম মাহদী আ. এর সহযোগী হবে, বাইতুল মুকাদ্দাস জয় করবে)। (তিরমিযি-২২৬৯, মুসনাদে আহমাদ-৮৭৬০)। কোনো বাহিনীই তাদের পথে বাধা হয়ে দাঁড়াতে পারবে না। কিন্তু অনারবদের একটি বাহিনী যা পশ্চিম দিক হতে আসবে। (কানযুল উম্মাল,১৬২/১১, আল ফিতানঃ নুআইম বিন হাম্মাদ)। বনু কানদার এক খোঁড়া ব্যক্তি সেই বাহিনীর নেতৃত্ব দিবে। (আল ফিতান, নুআইম বিন হাম্মাদ, হাদিস- ৯৫২, আস্ সুনানু ওয়ারিদাতু ফিল ফিতান)। মা অরাউন নাহার তথা খুরাসান হতে হারিস্ বিন্ হার্রাস নামক এক ব্যক্তি বের হবে (যে ইমাম মাহদীর জন্য কালো পতাকার বাহিনী তৈরি করবে), তার অগ্রভাগে (পরবর্তীতে ইমাম মাহদীর সময়) থাকবে আরেক ব্যক্তি যাকে 'মানসুর' বলা হবে। সে মুহাম্মাদের বংশধরদের (ইমাম মাহদীর) পথকে ঠিক তেমনভাবে সুগম করবে, যেমন কুরাইশগণ রাসূল ﷺ- এর পথকে সুগম করেছে। প্রত্যেক মুমিনের জন্য তাকে সাহায্য করা আবশ্যক। (আবু দাউদ, হাদিস নং- ৪২৯২) তোমরা যখন দেখবে খুরাসানের দিক হতে কালো পতাকার বাহিনী আগমন করেছে, তখন তোমরাও তাতে শামিল হয়ে যেও (যদিও বরফের উপর কনুইয়ে ভর দিয়ে আসতে হয়।- আল ফিতান, নুআইম বিন হাম্মাদ, হাদিস- ৮৯৫, ইবনে মাজাহ-১৩৬৬/২, ইবনে আবি শায়বা- ৩৭৭২৭)। কেননা, তাদের মধ্যেই আল্লাহর খলিফা মাহদী বিদ্যমান। (মুসনাদে আহমাদ, ২৭৭/৫, কাঞ্জুল উম্মাল, ২৪৬/১৪, মিশকাত)।

[আফগানিস্তানের (খুরাসানের) ইতিহাসে প্রথমবারের মত আফগানিস্তান হতে কালো পতাকার যে বাহিনী বের হয়েছে তার নাম 'তালিবান' ও 'আল কায়েদা'। ৯/১১ এর ঘটনার পর পশ্চিমা দেশ আমেরিকা, ইংল্যান্ড ও তাদের দোসররা (৪৯ টি দেশের পতাকা একযোগে) অক্টোবর, ২০০১ এ আফগানিস্তানে হামলা করে। তখন তাদের জয়েন্ট চীফ কমান্ডার ছিল এয়ার ফোর্স জেনারেল রিচার্ড মেয়ার (Richard Myers)। তার এক পা খোঁড়া ছিল। সে জন্মগ্রহণ করে কানসাস শহরে। যার সীমানা রয়েছে কানাডার সাথে। এই শহরের বেশির ভাগ অধিবাসী কানাডা হতে এসে স্থায়ীভাবে বসবাস করছে। আর কানাডাকে আরবীতে 'কানদা' বলে। যাইহোক, সতের বছর যুদ্ধ করার পরও তালিবানরা আফগানিস্তানের ৭০ ভাগ নিয়ন্ত্রন করছে। (সূত্রঃ-

https://www.bbc.com/bengali/news-42887191)। হাদীসের ভাষ্য, 'যদিও তাদের কেউ প্রতিহত করতে পারবে না, কিন্তু প্রতিবন্ধকতা তৈরি করবে পশ্চিমা শক্তি।' এর সত্যায়ন হয়েছে। এই বাহিনীর গঠনে এবং বিশ্বব্যাপী এই আন্দোলন ছড়িয়ে দেয়ার জন্য যার ভূমিকা সবচেয়ে বেশি তিনি হলেন হযরত উসামা (= সিংহ = হারিস্) বিন লাদেন (=শস্যক্ষেত্র = হার্রাস্) রহমাতুল্লাহি আলাইহি। ইমাম মাহদী আলাইহিস্ সালাম-এর সময় তাঁকে যিনি সবচেয়ে বেশি সহযোগিতা করবেন, যার উপাধি হবে 'মানসুর' (আল্লাহ তাআলা কর্তৃক সাহায্যপ্রাপ্ত)। তাঁর প্রকাশ এখনো বুঝা যাচ্ছে না। তিনি কে হবেন তা আল্লাহ তাআলাই সবচেয়ে ভালো জানেন।

হাদীসে উল্লেখ রয়েছে, ইমাম মাহদী কালো পতাকার বাহিনীর মধ্যে বিদ্যমান থাকবে। এর উদ্দেশ্য হচ্ছে, দলটি ইমাম মাহদীকে শক্তিশালীকারী দল হবে। তারা আরবে পৌঁছে ইমাম মাহদীর দলে অন্তর্ভূক্ত হবেন। অথবা এটাও উদ্দেশ্য হতে পারে যে, ইমাম মাহদী স্বয়ং তাদের মধ্যে বিদ্যমান থাকবেন, কিন্তু তখন তাকে কেউ চিনবে না। কিন্তু পরে যখন হেরেম শরীফে পৌঁছবেন, তখন লোকেরা তাকে চিনে ফেলবে। আল্লাহ তাআলাই ভালো জানেন। তবে প্রথম মতটিই আমার কাছে অধিক যুক্তিযুক্ত মনে হয়। কেননা এক বর্ণনা অনুযায়ী, 'ইমাম মাহদী তার দ্বীনি কর্মকান্ড ও দ্বীন প্রচারের প্রতি তার আগ্রহের কারণে ৩০ বছর বয়সের পর হতে মানুষের ময়দানে পরিচিতি লাভ করতে থাকবেন। অর্থাৎ প্রথমে তিনি দাঈ হিসেবে পরিচিতি লাভ করবেন। কিন্তু তাকে তখন কেউ সনাক্ত করতে পারবে না বা তিনি নিজেও জানবেন না যে, তিনিই ইমাম মাহদী। তার বয়স যখন ৪০ বছর পূর্ণ হবে তখন একরাতে আল্লাহ পাক তাকে সমগ্র মুসলিম জাহানের খেলাফত পরিচালনা করার যোগ্যতা দান করবেন।' (ইসলামের মৃত্যু ও আমাদের করণীয়, পৃ. ৪০)]

- ***অনারবদের*** পক্ষ থেকে ইরাকের 'দিরহাম' (অর্থনৈতিক) ও 'কাফিজ' (তৈল এর উপর) অবরোধ আরোপ করা হবে। (মুসলিম-৬৯৬১) [***'পূর্ব-পশ্চিম সকল জাতীয়তার অনারব সংগঠন "আন্তর্জাতিক নিরাপত্তা পরিষদ"*** কর্তৃক ৬ই আগস্ট ১৯৯০ হতে ২০১০ পর্যন্ত এই অবরোধ বহাল ছিল।
- ইরাকের পর ***পশ্চিমাদের*** পক্ষ থেকে সিরিয়ার উপর অর্থনৈতিক অবরোধ আরোপ করা হবে। (মুসলিম-৬৯৬১) [২০০১ সালের আগস্ট হতে সিরিয়ার উপর ***কেবল পশ্চিমা দেশগুলোর*** পক্ষ হতে অর্থনৈতিক অবরোধ এখনও চলছে।]
- শেষ যামানায় পশ্চিমা দেশসমূহ কর্তৃক ইরাক আক্রমণ করা হবে। (আল ফিতান, ৯০৭/৪)
- শেষ যামানায় বাগদাদ আগুনে ধ্বংস হবে। (রিসালাতু খুরুজিল মাহদি, ১৭৭/৩, মুন্তাখাব কাঞ্জুল উম্মাল, ৩৮/৫)

[যুক্তরাষ্ট্র ও ইংল্যান্ড ২০০৩ সালের ২০ মার্চ রাতে ২:৩০ এ বাগদাদে বোমারু বিমান হামলার মাধ্যমে এ ধ্বংসযজ্ঞ শুরু করে। এর পরদিনই যুক্তরাষ্ট্র (১,৪৮,০০০ সৈন্য), ইংল্যান্ড (৪৫,০০০ সৈন্য), অস্ট্রেলিয়া (২,০০০ সৈন্য) ও পোল্যান্ড (১৯৪ জন সৈন্য) কুয়েত সীমানার নিকটবর্তী প্রদেশ বসরাতে পদাতিক অভিযান শুরু করে।]

- ফোরাত নদী শুকিয়ে যাবে এবং সেখান থেকে সোনার পাহাড় বের হবে। তার জন্য মানুষ যুদ্ধ করবে এবং প্রতি একশ জনে নিরানব্বই জন লোক মারা যাবে। (মুসলিম-৭৮৫৪)

[দজলা ও ফোরাত নদীর পানি শুকিয়ে যাচ্ছে। ১২/০২/২০১৩ সালে নিউইয়র্ক টাইম্স বলেছে, নাসার গবেষকরা এবং ক্যালিফোর্নিয়া ইউনিভার্সিটি লক্ষ্য করেছে, গত দশ বছরে ১১৭ লক্ষ একর ফুট খাদের পানি শুকিয়ে গেছে। কেউ কেউ এই হাদীসের ব্যাখ্যা করেছেন, এখানে স্বর্ণ বলতে তেলসম্পদকে বুঝানো হয়েছে। কেননা খনিজ তেলকে **"ব্লাক গোল্ড"** বলা হয়। ২০০৩ সালে শুরু হওয়া ইরাক যুদ্ধে ফোরাত নদীর উপকূলবর্তী শহর ফালুজাতে মার্কিন ও মুজাহিদদের মধ্যে তীব্র যুদ্ধ হয়েছিল। আল্লাহ তাআলাই ভালো জানেন।]

- একটি ফিতনা সিরিয়ার পাহাড়ি উপত্যাকা থেকে আসবে, যা হলো সুফিয়ানি (সিরিয়ায় বনু কালব গোত্রের কুরায়শি শাসক)। (আল ফিতান: নুআইম বিন হাম্মাদ, হাদিস নং ৮৭, মুসতাদরাকে হাকেম।) তার সহচরদের মাঝেও কালবিয়া বা কালব গোত্রের লোক বেশি থাকবে। দামেস্কের দিক থেকে সুফিয়ানির প্রকাশ ঘটবে। তার মাথা বড় হবে। এবং মুখে শ্বেত রোগের দাগ থাকবে। মানুষের রক্ত নিয়ে ছিনিমিনি খেলা তার অভ্যাস হবে। যেই তার বিরোধিতা করবে, তাকেই হত্যা করবে। এমনকি গর্ভবতী নারীর পেট ফেঁড়ে সন্তান বের করে হত্যা করে ফেলবে। ইমাম মাহদির আত্মপ্রকাশের খবর শুনে মাহদিকে হত্যা করার জন্য সে একটি বিশাল বাহিনী প্রেরণ করবে। (মাযাহিরে হক জাদিদ: ৪৩/৫)। সুফিয়ানি খালেদ বিন ইয়াজিদ বিন মুআবিয়া বিন আবু সুফিয়ান রাযি. এর বংশধরদের মধ্য থেকে হবে। তার মাথা বড় হবে এবং মুখে গুটি বসন্তের (পক্স) দাগ থাকবে। তার চোখে থাকবে সাদা দাগ। (আল ফিতান, নুআইম বিন হাম্মাদ, হাদিস নং-৮১২) দ্বিতীয় সুফিয়ানির জন্মের সময় আকাশে আলামত দেখা যাবে। (অর্থাৎ সুফিয়ানি দুইজন হবে।) (আল ফিতান, নুআইম বিন হাম্মাদ, হাদীস নং-৯৫৪)

[১৯৭০ সালে প্রেসিডেন্ট হাফিজ আল আসাদের ক্ষমতায় আসার মাধ্যমে সিরিয়া নামক গোটা ভূখন্ডে ইসলাম আসার পরের ইতিহাসে প্রথম কোনো ব্যক্তি সিরিয়ার শাসন ক্ষমতায় অধিষ্ঠিত হলো, যে কিনা আরবদের গোত্র পরিচয়ের দিক থেকে বনু কালব গোত্রের এবং আকিদাগত দিক থেকে (মুর্তাদ) শিয়া নুসাইরিয়া সম্প্রদায়ের অন্তর্ভূক্ত এবং জন্মগতভাবে পাহাড়ি উপত্যকার একটি গ্রাম আল কারদাহাহ থেকে। ২-২৮ ফেব্রুয়ারি, ১৯৮২ সালে লাগাতার ২৭ দিন হামা শহরে এই বনু কালব গোত্রীয় প্রেসিডেন্ট হাফিয আল আসাদ (প্রথম সুফিয়ানি) ও তার সহোদর কর্নেল রিফাত আসাদের নেতৃত্বে সিরিয়ান সেনা বাহিনী আহলে-সুন্নাহ, বিশেষ করে ইখওয়ানুল মুসলিমিনের ওপর যে আক্রমণ ও গণহত্যা পরিচালনা করে নিকট অতীতে তার কোনো নজির নেই। সে গণহত্যায় গুম, গ্রেফতার ও দেশত্যাগীদের ছাড়া শুধু হত্যার শিকার-ই প্রায় চল্লিশ হাজার সাধারণ সুন্নী মুসলিম। উল্লেখ্য, হাফিয আল আসাদের মুখে শ্বেত দাগ ছিল।

২০০০ সালে সিরিয়ার ক্ষমতায় প্রতিষ্ঠিত বনু কালব গোত্রের দ্বিতীয় সুফিয়ানি শাসক বাশার আল আসাদের জন্ম দামেস্কে। সে নিজেকে কুরায়শি দাবী করে। তার অনুসারী প্রশাসনিক ও সামরিক বাহিনীর বেশির ভাগই নুসাইরিয়া/আলাভি তথা কালবিয়্যা বা কালব গোত্রের। ২০১১ সাল থেকে শুরু হওয়া সিরিয়ার যুদ্ধে নুসাইরিদের অবস্থান আহলে সুন্নাত ওয়াল জামাতের বিরুদ্ধে এতই নিষ্ঠুর যে, গর্ভস্থিত সন্তানদের পর্যন্ত হত্যা করে হাদিসের বাণীকে তারা অক্ষরে অক্ষরে বাস্তবায়িত করেছে। আসাদের স্নাইপাররা গর্ভবতী মহিলাদের পেটকে লক্ষ্য করে গুলি করে গর্ভস্থিত সন্তানদের হত্যা করেছে। খবরটি দেখতে ইন্টারনেটে "Is this the most sickening image of the war in Syria so far? Snipers target unborn children in chilling competition to win

cigarettes.” লিখে সার্চ দিলে http://www.dailymail.co.uk -এর একটি নিউজ পাওয়া যাবে।
অথবা ক্লিক করুন এখানে-
https://www.google.com/url?sa=t&rct=j&q=&esrc=s&source=web&cd=1&cad=rja&uact=8&ved=2ahUKEwjMgZTp5zjAhXZV30KHaLbAZUQFjAAegQIAxAB&url=https%3A%2F%2Fwww.dailymail.co.uk%2Fnews%2Farticle-2466574%2FWar-Syria-Snipers-target-unborn-children-chilling-competition-win cigarettes.html&usg=AOvVaw2oZn9VfqEADztIT6zYsIzp

মক্কাতে ইমাম মাহদীর আত্মপ্রকাশের সাথে সাথে সর্বপ্রথম যেই আরব শাসকটি মাহদির বিরুদ্ধে সরাসরি যুদ্ধে অবতীর্ণ হবে সে হবে সিরিয়া নামক ভূ-খন্ডের বনু কালব গোত্রের কুরায়শি অত্যাচারী শাসক (দ্বিতীয় সুফিয়ানি)। এথেকে বুঝা যায়, সে আগে থেকেই সিরিয়ার ক্ষমতায় থাকবে। ইমাম মাহদির আত্মপ্রকাশের পর সে একটি বাহিনী প্রেরণ করবে যাকে ‘বায়দা’ নামক স্থানে ধ্বসিয়ে দেয়া হবে। অতঃপর ইমাম মাহদি তার বিরুদ্ধে যুদ্ধ করবেন, দ্বিতীয় সুফিয়ানিকে ইসরায়েলের বাহিরাতুত তিবরিয়া এর নিকটবর্তী স্থানে হত্যা করবেন। একে হাদীসের ভাষায় “বনু কালবের যুদ্ধ” হিসেবে অভিহিত করা হয়।]

- (ইমাম মাহদী প্রকাশের পূর্বে) সিরিয়ায় যুদ্ধ সংগঠিত হবে। (ইমাম মাহদীর নেতৃত্বে সংগঠিত মহাযুদ্ধের সময়) সিরিয়ার আল-গুতা মুসলমানদের সামরিক রাজধানী হবে এবং দাবিক/আমাকে মহাযুদ্ধ সংগঠিত হবে । (আবু দাউদ-৪৩০০, মুসতাদরাকে হাকেম, ৫৩২/৪, আল মুগনি, ১৬৯/৯, মুসলিম-৭৪৬০, ইবনে হিব্বান-২১৪/১৫)
  [বর্তমানে স্থানদুটি মুজাহিদদের করতলগত আছে। সিরিয়ার বনু কালব গোত্রের সুফিয়ানি শাসক বাশার আল আসাদ সিরিয়ার আল-গুতায় গত ২১ শে আগস্ট ২০১৩ সালে রাসায়নিক হামলা চালায়।]
- (ইমাম মাহদী প্রকাশের পূর্বে তাঁকে সহযোগিতা করার জন্য) সিরিয়া, ইয়েমেন এবং ইরাকে তিনটি বাহিনী থাকবে। (আবু দাউদ, হাদিস নং-২৪৮৫, মুসনাদে আহমাদ, ১১০/৪)
  [এই হাদীসের বাস্তবায়ন হয়ে গিয়েছে। আজ এই মুহূর্তে এই তিন ভূ-খন্ডে এরকম তিনটি বাহিনী অবস্থান নিয়েছে।]
- হযরত আবদুল্লাহ ইবনে আমর রাযিয়াল্লাহ আনহু বলেন, (পৃথিবীর শুরু হতে শেষ পর্যন্ত) মানুষের মহাযুদ্ধ পাঁচটি। তার মধ্যে দুটি ইতিপূর্বে (এই উম্মতের আগে) বিগত হয়েছে। অবশিষ্ট তিনটি এই উম্মতের মাঝে সংঘটিত হবে। একটি হলো তুর্কি মহাযুদ্ধ। একটি রোমানদের সঙ্গে মহাযুদ্ধ। আর তৃতীয়টি হলো, দাজ্জালের মহাযুদ্ধ। দাজ্জালের পর আর কোন মহাযুদ্ধ হবেনা।’ (আল ফিতান, খন্ড ২, পৃষ্ঠা ৫৪৮, আস সুনানুল ওয়ারিদাতু ফিল ফিতান)
  [এই উম্মতের সময় প্রথম বিশ্বযুদ্ধে (১৯১৪-১৯১৮ ইসায়ী সালে) তুর্কী উসমানী খিলাফত অংশগ্রহণ করে এবং ইসলামের সর্বশেষ খিলাফত ধ্বংস হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধে (১৯৩৯-১৯৩৫ ঈসায়ী সালে) রোমানরা (পশ্চিমারা) অংশগ্রহণ করে এবং বিজয়ী হয়। সুতরাং বাকী রয়ে গেল কেবল শুধু তৃতীয় বিশ্বযুদ্ধ। যা হবে হক এবং বাতীলের সিদ্ধান্তমূলক যুদ্ধ। এরপর পৃথিবী হতে বাতিল চির বিদায় নিবে। এই যুদ্ধের প্রেক্ষাপট ইতোমধ্যেই শুরু হয়ে গিয়েছে।]

একজন সচেতন মুসলিম হিসেবে আপনি যখন বর্তমান সমাজব্যবস্থা এবং বিশ্ব পরিস্থিতির প্রতি গভীর দৃষ্টি দিবেন, তখন এ কথা বলতে বাধ্য হবেন যে, হাদিসে বর্ণিত কোনো একটি বিষয়ও বাস্তবায়িত হতে বাকি

নেই। তবে হ্যাঁ, ইমাম মাহদী আ. এর আগমনের পূর্বের কয়েকটি নিদর্শন এখনও বাকি আছে, যেগুলো তাঁর আগমনের বছরের রামাযান মাস হতে প্রকাশ পেতে শুরু করবে, জিলহজ্জ মাসে তাঁর প্রকাশের মাধ্যমে শেষ হবে। এগুলো সম্পর্কে যথাস্থানে আলোচনা করা হবে ইনশাআল্লাহ।

২. এখন সময় 'নবুয়তের আদলে খিলাফতের'

কিয়ামত পর্যন্ত মুসলমানদের শাসনব্যবস্থার কি কি পর্যায় হবে এ ব্যাপারে রাসূলুল্লাহ ﷺ ১৪০০ বছর পূর্বে সুস্পষ্টভাবে বর্ণনা করেছেন, এভাবে-

"তোমাদের মাঝে নবুয়তের যামানা ততদিন থাকবে যতদিন আল্লাহ তাআলা চাইবেন, এরপর তিনি একে উঠিয়ে নিবেন। এরপর আসবে নবুয়তী তরীকার উপর প্রতিষ্ঠিত 'খুলাফায়ে রাশেদার' আমল, এটিও ততদিন থাকবে যতদিন আল্লাহ তাআলা চাইবেন, এরপর তিনি এটিকেও উঠিয়ে নিবেন। তারপর আসবে বংশপরম্পরার নেতৃত্ব, এটিও ততদিন থাকবে যতদিন আল্লাহ তাআলা চাইবেন, এরপর তিনি এটিকেও উঠিয়ে নিবেন। এরপর আসবে চরম যুলুম-অত্যাচারের যামানা, এটিও ততদিন থাকবে যতদিন আল্লাহ তাআলা চাইবেন, এরপর তিনি এটিকেও উঠিয়ে নিবেন। অতঃপর আবারো আসবে নবুয়তের আদলে খুলাফায়ে রাশেদার (পথপ্রদর্শিত খলীফার) খিলাফত।" এতটুকু বলার পর তিনি চুপ হয়ে গেলেন। (মুসনাদে আহ্মাদ, হাদীস নং- ১৭,৬৮০)

নবুয়তের যামানা শেষ হয় রাসূলুল্লাহ ﷺ- এর ওফাতের মাধ্যমে , অতঃপর খুলাফায়ে রাশেদার যুগ ছিল সর্বমোট ত্রিশ বছর, অতঃপর বংশপরম্পরার শাসনব্যবস্থার যুগ (রাজতান্ত্রিক/পরিবারতান্ত্রিক খিলাফত) যা ১৯২৪ সালে তুর্কী খিলাফত ধ্বংস হওয়া পর্যন্ত মুসলিম বিশ্বে অবশিষ্ট ছিল, অতঃপর চরম নৈরাজ্য ও যুলুম-শোষনের যুগ অর্থাৎ গণতন্ত্র/সমাজতন্ত্র/রাজতন্ত্রের যুগ অর্থাৎ বর্তমান সময়ে মুসলিম বিশ্বে যা চলছে, এরপর আসবে 'নবুয়তের আদলে খিলাফতের যুগ' অর্থাৎ ইমাম মাহদী আ. ও ঈসা আ. এর যামানা। এরপর আল্লাহর রাসূল ﷺ চুপ রইলেন। অর্থাৎ এরপরই ইসলামের মৃত্যু হবে অর্থাৎ পৃথিবী হতে ইসলাম বিদায় নিবে। (আল্লাহ তাআলাই সবচেয়ে ভালো জানেন)।

৩. প্রতি ১০০ বছর পর পর আল্লাহ তাআলা এ দ্বীনের মাঝে সংস্কার সাধন করেন

যেহেতু বর্তমান সময় (গণতন্ত্র/সমাজতন্ত্র/রাজতন্ত্র নামক) যুলুম-অত্যাচারের যামানা এবং এর পরবর্তী ধাপ হচ্ছে "নবুয়তের আদলে খিলাফতের"। মুসলিম বিশ্বের সর্বশেষ খিলাফত তুরস্কের 'উসমানী খিলাফত' ধ্বংস হয়েছিল ০৩ মার্চ, ১৯২৪ ঈসায়ী (২৬ রজব, ১৩৪২ হিজরী) সালে। বর্তমানে এই উম্মত অভিভাবকশূণ্য, আজ আমাদের পায়ের নীচে মাটি নেই, মাথার উপর নেই কোনো ছায়া । চারিদিকে উম্মতের শুধু কান্না আর আহাজারির গগণবিদারী চিৎকার। পৃথিবীর কোণায় কোণায় প্রতিটি উম্মতের আজ একই চাওয়া, একই প্রার্থনা, "প্রভু হে! আর কত! আর কত কাল! কখন আসবে তোমার সাহায্য? কখন আসবে তোমার সেই প্রতিশ্রুত রাহ্বার? কুফ্ফারদের যুলুম-অত্যাচার-হত্যাযজ্ঞ আর কত!! আর যে সইছে না! দাওনা তোমার পক্ষ হতে আমাদের জন্য একজন অভিভাবক, তোমার পক্ষ হতে আমাদের জন্য একজন সাহায্যকারী?" আল্লাহ তাআলা কি এই উম্মতকে অভিভাবকশূণ্য করে রাখবেন, তাও আবার শতবর্ষাধিক?

না, তা হতে পারে না, কেননা রাসূলুল্লাহ ﷺ বলেছেন, "প্রতি শতাব্দীর শুরুতে আল্লাহ তাআলা এমন কাউকে (মুজাদ্দিদ হিসেবে) পাঠাবেন যে ইসলামকে পুনরুজ্জীবিত করবেন।" (হযরত আবু হুরাইরা রাযি. হতে বর্ণিত, আবু দাউদ শরীফ, হাদীস নং-৪২৯১)। বর্তমানে ইসলামের কোন বিষয়টি সবচেয়ে বেশি দরকার? মুসলিমদের জন্য একটু আশ্রয়, কথা বলার জন্য একটি বলিষ্ঠ বাক্‌শক্তি, বাতিলের মোকাবিলার জন্য একটু সহায়, দিকে দিকে যেন একই সুর-একই আওয়াজ "প্রতিশ্রুত রাহ্‌বার চাই, প্রতিশ্রুত রাহ্‌বার চাই, কখন আসবেন সেই বহুল প্রতীক্ষিত জন, কখন আবার ফিরে আসবে এ ধরার বুকে নবুয়তের আদলে খিলাফত?"

ভালো করে লক্ষ্য করুন, ২৬ রজব, ১৪৪১, পূর্ণ হলো খিলাফত ধ্বংসের হিজরী ৯৯ বছর। ২৭ রজব, ১৪৪১ হতে শুরু হতে যাচ্ছে খিলাফত ধ্বংসের শততম হিজরী বৎসর। ১৪৪১ হিজরীর মধ্য রমযান শুক্রবার হতে যাচ্ছে, ইন্‌শাআল্লাহ। তার মানে জিলহজ্জ, ১৪৪১ এই শততম বৎসরের মাঝেই পড়ছে। ইন্‌শাআল্লাহ, আল্লাহ তাআলা উম্মতকে শততম বৎসর অভিভাবকশূণ্যভাবে পার হতে দিবেন না। ইন্‌শাআল্লাহ, ১৪৪১ হিজরীই সেই প্রতীশ্রুত সময়। (আল্লাহ তাআলাই সবচেয়ে ভালো জানেন)।

৪. সহীহ বুখারী ও সুনানে আবু দাউদ শরীফে উল্লেখিত ইসলামের আয়ুষ্কাল

ইমাম বুখারী রহ. পৃথিবীতে ইসলাম কতদিন থাকবে এই বিষয়ে রাসূলুল্লাহ ﷺ এর উপমামূলক ছয়টি হাদীস সংকলন করেছেন।

আবু মূসা রাযি. বলেন, রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেছেন, " মুসলমান, ইহুদি এবং খ্রিস্টানদের উপমা হলো (ঐ ঘটনার মত যেখানে) এক ব্যক্তি পারিশ্রমিকের বিনিময়ে কিছু লোককে সকাল হতে সন্ধ্যা পর্যন্ত তার কাজে নিয়োজিত করল। তারা মধ্য দিবস পর্যন্ত কাজ করল এবং বলল, আমাদের জন্য তোমার নির্ধারিত মজুরির দরকার নেই এবং আমরা যা করেছি তা বাতিল করে দাও। লোকটি বলল, তোমরা কাজ ত্যাগ করো না, বরং বাকীটুকুও শেষ করো এবং পুরো পারিশ্রমিক নিয়ে যাও। কিন্তু তারা অস্বীকার করল এবং চলে গেল। তারপর লোকটি আরেক দল লোককে কাজে নিয়োজিত করল এবং বলল, তোমরা বাকী কাজটুকু শেষ কর, তাহলে প্রথম দলের জন্য যা মজুরি নির্ধারিত করেছিলাম তোমরা তার পুরোটাই পাবে। তারপর তারা আসর পর্যন্ত কাজ করল। তারপর তারা বলল, আমরা আর কাজ করতে পারব না, তোমার মজুরির আমাদের দরকার নেই। লোকটি বলল, তোমরা কাজ শেষ কর, দিনের অল্প কিছু সময় বাকী রয়েছে। কিন্তু তারা কাজ করতে অস্বীকৃতি জানাল। তারপর লোকটি বাকী কাজ সম্পাদনের জন্য আরেক দল লোক নিয়োজিত করল, যারা দিনের শেষ পর্যন্ত কাজ করল এবং পূর্ববর্তী দুই দলের সমান মজুরি নিয়ে গেল। সুতরাং এই হলো তাদের (মুসলমানদের) দৃষ্টান্ত এবং তারা যে এই নূর (হিদায়াত) স্বেচ্ছায় গ্রহণ করল তার উদাহরণ।" (সহীহ আল বুখারী, অধ্যায় ৩৭, হাদীস নং ১১)

বুখারীর আরেক বর্ণনামতে, হযরত ইবনে উমর রাযি. বর্ণনা করেন, "অন্যান্য জাতির সাথে তোমাদের জীবনকালের তুলনা হলো আসর ও মাগরিবের মাঝখানের সময়টুকু। তোমাদের দৃষ্টান্ত এবং ইহুদী, খ্রিস্টানদের দৃষ্টান্ত হলো (ঐ ঘটনার ন্যায় যেখানে) এক ব্যক্তি তার কাজের জন্য কিছু লোক নিয়োজিত করল এবং তাদেরকে বলল, "তোমাদের কে আমার জন্য এক কিরাতের (বিশেষ মজুরির পরিমাপ) বিনিময়ে মধ্যদিবস পর্যন্ত কাজ করবে?" ইহুদিরা কাজ করল। এরপর সে বলল,"কে মধ্যদিবস হতে আসর পর্যন্ত আমার জন্য এক কিরাতের বিনিময়ে কাজ করবে?" তারপর খ্রিস্টানরা কাজ করল। অতঃপর তোমরা

(মুসলমানরা) দুই কিরাতের বিনিময়ে আসর হতে মাগরিব পর্যন্ত কাজ করছ। তারা (ইহুদী ও খ্রিস্টানরা) বলল, "আমরা কাজ করলাম বেশি আর মজুরি পেলাম কম।" সে বলল, "আমি কি তোমাদের পাওনা কিছু কম দিয়েছি?" তারা জবাব দিল, "না।" তারপর সে বলল, এটি আমার অনুগ্রহ, যাকে ইচ্ছা তাকে আমি দিয়ে থাকি।" (সহীহ বুখারী, অধ্যায় ৬৬, হাদীস নং ৪৩)

এছাড়াও বুখারী শরীফের আরো চার জায়গায় বিভিন্নভাবে এই উপমাটি বর্ণনা করা হয়েছে-

- অধ্যায় ০৯ : হাদীস নং ৩৫
- অধ্যায় ৩৭ : হাদীস নং ৮,৯,১১
- অধ্যায় ৬০ : হাদীস নং ১২৬
- অধ্যায় ৬৬ : হাদীস নং ৪৩

হাফেয ইবনে আল হাজার আল আসকালানি (ইসলামের একজন বিখ্যাত আলেম যিনি ৮৫২ হিজরীতে মৃত্যুবরণ করেন) তার সর্বজন স্বীকৃত বুখারী শরীফের তাফসীর গ্রন্থ "ফতহুল বারী"তে (খন্ড ৪, ইজারা অধ্যায়, পৃষ্ঠা ৪৪৮-৪৪৯) উপরের হাদীস দুটির ব্যাখ্যায় বলেন,

"এবং এই দুটি হাদীস থেকে সুস্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, মুসলিম উম্মাহর জীবনকাল একহাজার বছরের বেশি। ইহুদীদের সময়কাল মুসলমান ও খ্রিস্টানদের সময়কালের সমষ্টির সমান। এবং এটা স্পষ্ট যে, শেষ নবী ﷺ-র আগমন পর্যন্ত ইহুদীদের সময়কাল দুই হাজার বছরের বেশি (২১০০ বছরের মত) এবং তাদের (ইহুদীদের) পর (শেষ নবী ﷺ-এর আগমন পর্যন্ত) খ্রিস্টানদের সময়কাল ছিল ৬০০ বছর। এই বর্ণনা দ্বারা এটিও সুস্পষ্ট যে, এই মহাবিশ্বের বয়স খুব অল্পই বাকি রয়েছে।" (যেহেতু রাসূলুল্লাহ ﷺ এর আগমন পর্যন্ত উভয় ধর্মই বহাল ছিল এবং উনার আগমনের মাধ্যমে পৃথিবীর সকল ধর্ম বাতিল হয়ে যায়, তাই সকল ধর্মের জীবনকাল নবীজী ﷺ-এর আগমন পর্যন্ত ধরতে হবে।)

(তাফসীরে সহীহ বুখারী হাদীস নং ১১, অধ্যায় ৩৭, ফাতহ আল বারী)

উপরের হাদীস থেকে স্পষ্ট যে, এই উম্মতের বয়স হবে= ২১০০ বছর (প্রায়) - ৬০০ বছর = ১৫০০ বছরের কিছু কম বা বেশি।

নিচের হাদীসগুলো লক্ষ্য করুন, রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন,

০১)

حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ، حَدَّثَنَا أَبُو الْمُغِيرَةِ، حَدَّثَنِي صَفْوَانُ، عَنْ شُرَيْحِ بْنِ عُبَيْدٍ، عَنْ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم . إِنِّي لأَرْجُو أَنْ لاَ تَعْجِزَ أُمَّتِي عِنْدَ رَبِّهَا أَنْ يُؤَخِّرَهُمْ نِصْفَ يَوْمٍ " . قِيلَ لِسَعْدٍ وَكَمْ نِصْفُ يَوْمٍ قَالَ خَمْسُمِائَةِ سَنَةٍ "قَالَ

আমি আশা করি আমার উম্মতকে যদি (একদিনের পর) আরো অর্ধেক দিন দেওয়া হয়, তাহলে তারা আল্লাহর সামনে তাদের দীনদারীর অবস্থান ধরে রাখতে পারবে। উনাকে ﷺ জিজ্ঞাসা করা হলো, অর্ধ দিন কত সময়? তিনি বললেন : পাঁচশত বছর। (হাদীসটি সহীহ)

[হাদীসটি সাদ বিন আবু ওয়াক্কাস রা. হতে বর্ণনা করেছেন ইমাম আবু দাউদ,হদীস নং-৪২৯৯,৪৩৫০, আল হাকিম, ইমাম আহমাদ এবং আবু নাঈম।]

০২)

حدثنا موسى بن سهل حدثنا حجاج بن إبراهيم حدثنا ابن وهب حدثني معاوية بن صالح عن عبد الرحمن بن جبير عن أبيه عن أبي ثعلبة الخشني قال قال رسول الله صلى الله عليه وسلم لن يعجز الله هذه الأمة من نصف يوم

"আল্লাহ তাআলা এই উম্মতকে (একদিনের পর) অর্ধ দিন (এর বেশি) বিলম্ব করবেন না।" (আবু দাউদ, হাদীস নং-৪৩৪৯, হাদীসটি সহীহ)

উপরোল্লিখিত হাদীসগুলো থেকে এটি সুস্পষ্ট যে, আল্লাহ তাআলার পক্ষ থেকে মুসলিম উম্মার জীবনকাল একদিনের পর আরো অর্ধেক দিন পর্যন্ত বাড়ানো হয় অর্থাৎ উম্মতের সময়কাল হবে দেড় দিন। আল্লাহ তাআলার কাছে একদিন এক হাজার বছরের সমান। যেমন কুরআনে কারীমে এরশাদ হয়েছে, "আসমান হতে যমিন পর্যন্ত সবকিছু তিনিই পরিচালনা করেন, তারপর সবকিছুকে তিনি তাঁর দিকে উঠিয়ে নিবেন এমন এক দিনে যার পরিমান তোমাদের গণনায় এক হাজার বছরের সমান।" (৩২ সূরা আস্‌সিজদাহ : ০৫)

সুতরাং আল্লাহ তাআলার কাছে দেড় দিন = ১.৫ × ১,০০০ বছর = ১,৫০০ বছর। অর্থাৎ ইসলামের আয়ুষ্কাল হিজরী মোতাবেক ১৫০০ বছর।

৫. এই ১৫০০ বছরের শুরুটা কখন হতে?

এটা কি রাসূলুল্লাহ ﷺ এর জন্ম হতে (৫৭০ ঈসায়ী), নাকি নবুয়তপ্রাপ্তি (৪০ বৎসর বয়স) হতে, নাকি হিজরত হতে (যখন থেকে হিজরী সাল গণনা শুরু হয়), নাকি রাসূলুল্লাহ ﷺ-এর ওফাত হতে (যখন থেকে ইসলামের সংরক্ষণের ভার এই উম্মতের হাতে এসে পৌঁছেছে)? এখানে লক্ষণীয় বিষয় হচ্ছে, ইসলামের শেষটা কী দিয়ে হচ্ছে? হ্যাঁ, নবুয়তের আদলে খিলাফত দিয়ে। মুসনাদে আহমাদের সেই বিখ্যাত (১৭,৬৮০ নং) হাদীস থেকে বুঝা যায়, সমাজে ইসলাম প্রতিষ্ঠিত হয় এবং মৌলিকভাবে ইসলামের যাত্রা শুরুও হয় নবুয়তী শাসনব্যবস্থা দিয়ে। (এছাড়াও আল ফিতান, নুআইম বিন হাম্মাদ, হাদিস-২৩৪)। আর এটি শুরু হয় মদীনায় হিজরতের পর হতে। অর্থাৎ হিজরী প্রথম সাল থেকেই। সাহাবায়ে কেরাম রাযি. যখন নিজেদের জন্য স্বতন্ত্র একটি ইসলামী ক্যালেন্ডার তৈরী করতে মনস্থ করলেন, তখন তাঁরা এই হিজরতকেই শুরু ধরলেন। এ থেকেই বুঝা যায়, মূল ইসলামের যাত্রা শুরু হয় হিজরতের পর হতে। হিজরতের পরেই ইসলামী রাষ্ট্র কায়েম হয়, শরীয়তের সকল গুরুত্বপূর্ণ হুকুম আহকাম নাযিল হতে থাকে। অর্থাৎ প্রথম হিজরীই ইসলামের প্রথম হিজরী সাল। সুতরাং উপরের আলোচনা হতে বলা যায়, ১৫০০ হিজরীই হবে ইসলামের শেষ বছর। (আল্লাহ তাআলাই সবচেয়ে ভালো জানেন।)

৬. ইসলামের আয়ুষ্কাল ১৫০০ (হিজরী) বৎসর হলে ইমাম মাহদী আ. এর আত্মপ্রকাশের সময় কোনটি?

বিভিন্ন হাদীসের ভাষ্য অনুযায়ী, ইমাম মাহদী আলাইহিস্ সালাম পৃথিবীতে ৫/৭/৮/৯ বৎসর খিলাফত পরিচালনা করবেন এবং হযরত ঈসা ইবনে মারইয়াম আলাইহিস্ সালাম ৪০ বৎসর খিলাফত পরিচালনা করবেন, এরপর আরো ৭ বছরের মত (কিছু কম বা বেশি) ইসলাম টিকে থাকবে। এরপর একটি বাতাস

আসবে, যার কারণে পৃথিবীর সকল মুমিন মৃত্যুবরণ করবে এবং পৃথিবীতে অবশিষ্ট থাকবে সৃষ্টির নিকৃষ্ট মানুষগুলো যাদের উপর কিয়ামত কায়েম হবে।

অর্থাৎ ইমাম মাহদী আলাইহিস্ সালামের প্রকাশের পর ইসলামের বয়স অবশিষ্ট থাকবে = ৯+৪০+৭ = ৫৬ বছর (কিছু কম বা বেশি)।

সুতরাং ইনশাআল্লাহ, ইমাম মাহদী আগমন করবেন = ১৫০০-৫৬ = ১৪৪৪ হিজরী (২০২৩ সাল) বা এর আগে। ইমাম মাহদী আলাইহিস্ সালামের খিলাফত কাল ৭ বছর ধরা হলে, তাঁর আগমনের সাল আসে ১৪৪৬ হিজরী (২০২৫ সাল) বা তার পূর্বে।

৭. ২০২৫ সাল পর্যন্ত সম্ভাব্য যে সালে ইমাম মাহদী আ. এর আত্মপ্রকাশ ঘটতে পারে?

বর্তমানে ১৪৪০ হিজরী (২০১৯ সাল) চলছে। ২০১৯ সালের (১৪৪০ হিজরীর) রামাযান মাস চলে গিয়েছে। ২০২০ হতে ২০২৫ সাল (১৪৪১ হতে ১৪৪৬ হিজরী) পর্যন্ত আগামী বছরগুলোতে (সৌদি আরবের হিসেবে) মধ্য রমজান শুক্রবার হওয়ার সম্ভাবনা যে সালগুলোতে সেগুলো হলো, ২০২০ সালের ৮ই মে (১৪৪১ হিজরীর ১৫ ই রমজান শুক্রবার), ২০২২ সালের ১৫ ও ১৬ ই এপ্রিল (১৪৪৩ হিজরীর ১৪ ও ১৫ ই রমজান শুক্রবার ও শনিবার), ২০২৩ সালের ৬ ও ৭ ই এপ্রিল (১৪৪৪ হিজরীর ১৫ ও ১৬ ই রমজান বৃহস্পতিবার ও শুক্রবার) এবং ২০২৫ সালের ১৪ ও ১৫ ই মার্চ (১৪৪৬ হিজরীর ১৪ ও ১৫ ই রমজান শুক্রবার ও শনিবার)।

চাঁদ দেখা এবং ২৯ বা ৩০ দিনে রমজান মাস হবার ভিত্তিতে মধ্য রমজান শুক্রবার হিসাবে সাব্যস্ত হবে।

হাদীসের ভাষ্য অনুযায়ী, হযরত ইমাম মাহদী আলাইহিস্ সালামের আত্মপ্রকাশের সময় তার বয়স হবে ৪০ বছর। অর্থাৎ ১৪৪১ হিজরী (২০২০ সাল) হতে ১৪৪৬ হিজরী (২০২৫ সাল) এর মাঝে ইমাম মাহদী আলাইহিস্ সালামের আত্মপ্রকাশ ঘটলে তাঁর জন্ম হতে হবে ১৪০১ হিজরী হতে ১৪০৬ হিজরীর মাঝে।

৮. তাহলে, ইমাম মাহদী আলাইহিস্ সালাম- এর জন্ম হয়েছে কত সালে?

১৪৪০ হিজরীর ঈদুল ফিতরের দুইদিন পর ইমাম মাহদী আলাইহিস্ সালাম সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে ঘাটাঘাটি করছিলাম। হঠাৎ ফেইসবুকে একটি ফেইক আইডি নযরে আসল, নাম Imam Mahdi। কমেন্ট পড়ে বুঝতে পারলাম এটি কোন অমুসলিমের ফেইক আইডি হবে। যাইহোক, সেখানে ইংরেজিতে চার বছর আগের একটি পোস্ট ছিল যার অর্থ এরকম, "৩৫ বছর আগে ইমাম মাহদীর জন্ম হয়ে গিয়েছে।" এর পক্ষে সে বেশ কিছু হাদীসের উদ্ধৃতি দিয়েছে। হঠাৎ আমার মনে হলো, আমি তো একবার স্বপ্নে দেখেছিলাম, ইমাম মাহদীর আগমন কবে হবে এ কথা ইহুদী-খ্রিস্টানরা জেনে গেছে এবং তারা প্রস্তুতিও নিচ্ছে। পোস্টটির এক জায়গায় হারুন ইয়াহিয়ার একটি বইয়ের রেফারেন্স দেয়া হয়েছে। অনলাইনে ইসলাম নিয়ে কাজ করেন আর হারুন ইয়াহিয়ার নাম জানেন না এমন ব্যক্তি মনে হয় খুঁজে পাওয়া যাবে না। যাইহোক, ইমাম মাহদী

আলাইহিস্ সালামকে নিয়ে তার লেখা বইটির নাম "The End Times and the Emergence of Imam Mahdi"। দ্রুত বইটির পিডিএফ ভার্সন নেট হতে ডাউনলোড করলাম। ইমাম মাহদী আলাইহিস্ সালাম এর জন্ম সংক্রান্ত বিষয়ে যে আলোচনা বইটিতে করা হয়েছে তা সত্যিই বিস্ময়কর। ইমাম মাহদী আলাইহিস্ সালাম এর পৃথিবীতে আগমনের বেশ কিছু গুরুত্বপূর্ণ আলামত হাদীসে বর্ণিত হয়েছে। এই হাদীস গুলোর আলোকে সুস্পষ্টরূপে ইমাম মাহদী আলাইহিস্ সালামের জন্মসাল নিরূপণ করা যায়। অবাক হলাম, অমুসলিমরা ঠিকই আমাদের আগে জেনে ফেলেছে, ইমাম মাহদী আলাইহিস্ সালাম কবে পৃথিবীতে আগমন করেছেন আর কত সালে তার আত্মপ্রকাশ ঘটবে। আফসোস! আমরা মুসলমানরা কোন খবরই রাখিনা, উপরন্তু আমরা এটাকে সুদূর ভবিষ্যতের কোন ঘটনা মনে করে নাকে তেল দিয়ে বেহুশ হয়ে ঘুমাচ্ছি। আল্লাহ তাআলা ছাড়া কোন পথ প্রদর্শন কারী নেই।

ইমাম মাহদী আলাইহিস্ সালাম এর জন্ম সংক্রান্ত কিছু বিষয় বইটি থেকে তুলো ধরা হলো–

ক) একই রমজান মাসে চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণ:

একই রমজান মাসে সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণ ইমাম মাহদী আলাইহিস্ সালাম এর আগমনের পূর্বলক্ষণ।

নিচের হাদীসগুলো লক্ষ্য করুন-

- "ইমাম মাহদীর আগমনের লক্ষণ দুটি- (এক.) রমজান মাসের প্রথম রাত্রিতে চন্দ্রগহণ এবং (দুই.) রমজান মাসের মাঝামাঝি সূর্যগ্রহণ।" (ইবনে হাজার আল হাইসামী, আল ক্বওল আল মুখতাছার ফী আলামাত আল মাহদী আল মুন্তাযার, পৃ. ৪৯)
- "......রমজান মাসের মাঝামাঝি সূর্যগ্রহণ এবং মাসের শেষে চন্দ্রগ্রহণ.... (আল মুত্তাকি আল হিন্দী, আল বুরহান ফী আলামত আল মাহদী আখির আল যামান, পৃ. ৩৭)
- "ইমাম মাহদীর আগমনের পূর্বে দুটি সূর্যগ্রহণ হবে।" (আশ্‌শারানি, মুখতাছার তাযকিরা আল কুরতুবি, পৃ. ৪৪০)
- "ইমাম মাহদীর আগমনের পূর্বে রমজান মাসে দুইবার চন্দ্রগ্রহণ হবে।" (আবু নুআইম: আল ফিতান, ইবনে হাজার আল হাইসামী, আল ক্বওল আল মুখতাছার ফী আলামাত আল মাহদী আল মুন্তাযার, পৃ. ৫৩, বারযানযি, আল ইশাআহ, পৃ. ২০)

চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণ সম্পর্কিত উপরের হাদীসগুলোতে কিছুটা বৈপরীত্য বা স্ববিরোধিতা মনে হলেও বাস্তবে যা ঘটেছে তা জানলে আপনি অবাক হবেন। উপরের হাদীসগুলো থেকে আমরা যা নির্যাস পাই তা হলো-

- ✓ ইমাম মাহদী আলাইহিস্ সালাম এর আগমনের পূর্বে চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণ হবে।
- ✓ চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণের মাঝে ১৪-১৫ দিনের ব্যবধান থাকবে।
- ✓ রমজান মাসে দুইবার চন্দ্রগ্রহণ ও দুইবার সূর্যগ্রহণ হবে।
- ✓ হাদীসের বর্ণনা থেকে স্পষ্ট নয়, চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণ রমজান মাসের শুরু, মধ্যভাগ ও শেষভাগে কোনটা কখন হবে। কেননা এ বিষয়ে একাধিক ভিন্ন ভিন্ন বর্ণনা পাওয়া যায়। কেবল এ বিষয়টিই অস্পষ্ট।

✓ আমাদেরকে মনে রাখতে হবে, একই মাসে চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণ প্রাকৃতিকভাবে/বৈজ্ঞানিকভাবে কোন স্বাভাবিক বিষয় নয়। এরকম দৃষ্টান্ত পৃথিবীর ইতিহাসে বিরল। সুতরাং ইতিহাসের কোথাও এমন পাওয়া গেলে তা অবশ্যই আমাদের জন্য চিন্তার বিষয়!!

৩১ জুলাই, ১৯৮১ সালের সূর্যগ্রহণের একটি ছবি।

চলুন এবার আমরা বাস্তবতার সাথে হাদীসগুলোকে মিলাই। নিকট অতীতে এমন কোন ঘটনা ঘটেছে কি? জ্বী হ্যাঁ, ১৯৮১ সালের (১৪০১ হিজরী) ১৫ ই রমজান চন্দ্রগ্রহণ হয়েছিল এবং ২৯ রামাযান সূর্যগ্রহণ হয়েছিল। দ্বিতীয় আরেকটি চন্দ্রগ্রহণ হয়েছিল ঠিক পরের বছর ১৯৮২ সালে ১৪ ই রমজানে এবং ২৮ তম দিনে সূর্যগ্রহণ হয়েছিল। গুরুত্বপূর্ণ বিষয় হলো, চন্দ্রগ্রহণটি ছিল 'পূর্ণগ্রাস চন্দ্রগ্রহণ', যা হাদীসে ভবিষ্যৎ বাণী করা হয়েছে। একই সময়ে সংঘটিত এই ঘটনাগুলো ইমাম মাহদী আ. এর আগমনের পূর্বাভাস ও লক্ষণের সাথে সঙ্গতিপূর্ণ, বিশেষ করে অলৌকিকভাবে হিজরী পঞ্চদশ শতাব্দীর শুরুতে (১৪০১-১৪০২) পাশাপাশি দুই বছর ১৪-১৫ দিন ব্যবধানে ঘটিত দুটি চন্দ্রগ্রহণ ও দুটি সূর্যগ্রহণ ইমাম মাহদী আলাইহিস্ সালাম এর আগমনী বার্তা বহন করে। এছাড়াও বিশ বছর পর বিস্ময়করভাবে একইরকম চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণের ঘটনা ঘটে ২০০২ এবং ২০০৩ সালে! হাদীসে বর্ণিত দুটি চন্দ্রগ্রহণ ও দুটি সূর্যগ্রহণ দ্বারা বিশ বছরের ব্যবধানে সংঘটিত দুটি ঘটনাকেও বুঝানো হতে পারে। (আল্লাহ তাআলাই সবচেয়ে ভালো জানেন।)

প্রকৃত গ্রহণ	তারিখ
চন্দ্রগ্রহণ হিজরী ১৪০১ (১৫ রমজান)	১৭ জুলাই, ১৯৮১
১৫ দিন পর **সূর্যগ্রহণ** হিজরী ১৪০১ (২৯ রমজান)	৩১ জুলাই, ১৯৮১
চন্দ্রগ্রহণ হিজরী ১৪০২ (১৪ রমজান)	০৬ জুলাই, ১৯৮২
১৫ দিন পর **সূর্যগ্রহণ** হিজরী ১৪০২ (২৮ রমজান)	২০ জুলাই, ১৯৮২

২০ বছর পর:

প্রকৃত গ্রহণ	তারিখ
চন্দ্রগ্রহণ হিজরী ১৪২৩ (মধ্য রমজান)	২০ নভেম্বর, ২০০২
১৫ দিন পর **সূর্যগ্রহণ** হিজরী ১৪২৩ (শেষ রমজান)	০৪ ডিসেম্বর, ২০০২
চন্দ্রগ্রহণ হিজরী ১৪২৪ (মধ্য রমজান)	০৯ নভেম্বর, ২০০৩
১৫ দিন পর **সূর্যগ্রহণ** হিজরী ১৪২৪ (শেষ রমজান)	২৩ নভেম্বর, ২০০৩

খ) ধূমকেতুর আবির্ভাব:

- "ইমাম মাহদীর আগমনের পূর্বে লেজ বিশিষ্ট তারকার (ধূমকেতু) আবির্ভাব ঘটবে।" (মুহাম্মাদ ইবনে আবদ্ আল রাসূল বারযানজি, আল ইশাআহ লি আশরাত আল সাআহ্, পৃ. ২০০, ইবনে হাজার আল হাইসামী, আল ক্বওল আল মুখতাছার ফী আলামাত আল মাহদী আল মুন্তাযার, পৃ. ৫৩)
- "চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণের ঘটনা ঘটার পর লেজ বিশিষ্ট তারকা দেখা দিবে।" (আল মুত্তাকি আল হিন্দী, আল বুরহান ফী আলামত আল মাহদী আখির আল যামান, পৃ. ৩২)

এই হাদীসগুলোতে যা উল্লেখ করা হয়েছে, সেই অনুযায়ী-

১৯৮৬ সালে (১৪০৬ হিজরী) "হেলী'র ধূমকেতু" পৃথিবীর নিকট দিয়ে গমন করে। এটি ছিল অতি উজ্জ্বল, ঝলমলে তারকার ন্যায়, যা পূর্ব দিক হতে পশ্চিম দিকে গমন করে!

চিত্র: হ্যালীর ধূমকেতু।

এটি ঘটেছিল ১৯৮১ ও ১৯৮২ সালের (১৪০১ ও ১৪০২ হিজরীর) দুই চন্দ্রগ্রহণ ও দুই সূর্যগ্রহণের ঘটনার পর। সেমতে, ২০০২ ও ২০০৩ সালের চন্দ্র ও সূর্যগ্রহণের ঘটনাটি ধূমকেতুর আবির্ভাবের পরের ঘটনা। হেলীর ধূমকেতুটি ৭৬ বছর পর পর দেখা যায়। আবার ২০৬২ সালে হেলীর ধূমকেতু দেখা যাবে।

চন্দ্র ও সূর্যগ্রহণের পর ধূমকেতুর আবির্ভাব হওয়া ইমাম মাহদী আলাইহিস্ সালাম এর পৃথিবীতে আগমনের ভবিষ্যৎবাণীর সাথে সঙ্গতিপূর্ণ।

গ) আলোর শিঙের মতো দেখতে দুই লেজ বিশিষ্ট ধূমকেতুর আবির্ভাব:

- "ইমাম মাহদীর আগমনের পূর্বে পূর্ব দিক হতে আলো বিচ্ছুরণকারী শিঙার মতো দেখতে দুই দাঁত/লেজবিশিষ্ট তারকার (ধূমকেতুর) আবির্ভাব হবে।" (ইমাম রব্বানি, মাকতুবাত, পত্র ৩৮১, পৃ. ১১৮৪)

উক্ত হাদীসটিতে যে ধূমকেতুর কথা বলা হয়েছে তা পৃথিবীর ইতিহাসে প্রথমবারের মত প্রকাশ ঘটেছে ২৪ ফেব্রুয়ারি, ২০০৯ সালে। এর নাম "লুলিন ধূমকেতু" (Lulin Comet)। হাদীসের বর্ণনার সাথে ধূমকেতু লুলিনের যে মিল তা অত্যাশ্চর্যজনক অলৌকিক ঘটনা এবং মুমিনদের জন্য এক শুভ সংবাদ যে, ইনশাআল্লাহ, ইমাম মাহদী আলাইহিস্ সালাম এর জন্ম হয়ে গিয়েছে!!!

চিত্র: আলো বিচ্ছুরণকারী দুই লেজ বিশিষ্ট লুলিন ধূমকেতু ।

এছাড়াও এই হাদীসে উক্ত ধূমকেতুর আবির্ভাবের দিক বর্ণনা করা হয়েছে-

- "যেখানে অন্যান্যদের (মহাজাগতিক বস্তুর) গতি পশ্চিম দিক হতে পূর্ব দিকে....এই ধূমকেতুটির গতি পূর্ব দিক হতে পশ্চিম দিকে হবে।" (ইমাম রব্বানি, মাকতুবাত, পত্র ৩৮১, পৃ. ১১৮৪)

এই বর্ণনাটি বর্তমান সময়ের আবিষ্কারের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ। হাদীসের বর্ণনা ধূমকেতু লুলিনের ক্ষেত্রেই প্রযোজ্য, যার প্রকাশের খবর রাসূলুল্লাহ ﷺ আমাদেরকে ১৪০০ বছর পূর্বেই দিয়েছেন।

ঘ) সূর্যের নিদর্শন:

- "ততদিন পর্যন্ত তিনি (ইমাম মাহদী) আগমন করবেন না যতদিন পর্যন্ত না সূর্য একটি নিদর্শন হিসেবে উদিত হবে।" (ইবনে হাজার আল হাইসামী, আল ক্বওল আল মুখতাছার ফী আলামাত আল মাহদী আল মুন্তাযার, পৃ. ৩৩,৪৯)

বিংশ শতাব্দীতে আবিষ্কৃত (১৯৯৬ সালে) সূর্যের মহাবিস্ফোরণ একটি নিদর্শন হতে পারে। এছাড়াও শতাব্দীর সর্বশেষ সূর্যগ্রহণ হয়েছিল, ১১ আগস্ট, ১৯৯৯ সালে। হিজরী পঞ্চদশ শতাব্দী শুরু হওয়ার পর (১৪০১ হিজরীর পর) সবচেয়ে দীর্ঘসময় ধরে ঘটা সূর্যগ্রহণ হয়েছিল ১১ জুলাই, ১৯৯১ সালে, যা ০৬ মিনিট ৫৩ সেকেন্ড স্থায়ী ছিল। এরপর সবচেয়ে দীর্ঘ সময়ব্যাপী স্থায়ী হওয়া সূর্যগ্রহণ হয়েছিল ২২ জুলাই, ২০০৯ সালে (৬ মিনিট ৩০ সেকেন্ড)। বিজ্ঞানীদের হিসেব মতে, ২১৩২ সালের পূর্বে আর কোন সুদীর্ঘ সূর্যগ্রহণ হবেনা।

[উৎস:

১.https://www.google.com/url?sa=t&rct=j&q=&esrc=s&source=web&cd=8&cad=rja&uact=8&ved=2ahUKEwipw5etgJ3jAhVHbn0KHU_VBj8QFjAHegQIAxAB&url=https%3A%2F%2Fwww.academia.edu%2F35580105%2FThe_End_Times_and_Hazrat_Mahdi_as_&usg=AOvVaw20mjb96PP5_Tp1HFT6E_di

2. NASA Lunar Eclipse Webpage: https://eclipse.gsfc.nasa.gov/LEcat5/LE1901-2000.html

3. NASA Solar Eclipse Webpage: https://eclipse.gsfc.nasa.gov/SEcat5/SE1901-2000.html]

৬) সূরা কাহাফ ও ইমাম মাহদী আলাইহিস্ সালামঃ

রাসূলুল্লাহ ﷺ এর বহু হাদীসে সূরা কাহাফকে শেষ যামানার সাথে সম্পর্কিত করা হয়েছে। যেমনঃ

আন্ নাওয়াস ইবনে সামআন রাযিয়াল্লহু আনহু হতে বর্ণিত রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন,

“তোমাদের মাঝে যারা তাকে (দাজ্জালকে) পেয়ে যাবে, তার সামনে সূরা কাহফের প্রথম দিককার আয়াতগুলো তিলাওয়াত করবে।” (মুসলিম)

সূরা কাহফের বর্ণিত প্রতিটি ঘটনার সাথে ইমাম মাহদী আলাইহিস্ সালামের যামানার সাথে মিল পাওয়া যায়। এই সূরায় বর্ণিত সর্বশেষ ঘটনা হচ্ছে হযরত যুল কারনাইন আলাইহিস্ সালামের ঘটনা। উনাকে যেমন ভাবে আল্লাহ তাআলা সারা বিশ্বের ক্ষমতা দিয়েছিলেন, ঠিক তেমনিভাবে হযরত ইমাম মাহদীকেও সারা বিশ্বের খিলাফত দেয়া হবে, যা পূর্ব-পশ্চিমে বিস্তৃত থাকবে। এমন আরেকজন নবী ছিলেন যাকে আল্লাহ তাআলা সারা বিশ্বের রাজত্ব দিয়েছিলেন। তিনি হলেন হযরত সুলাইমান আলাইহিস্ সালাম। হাদীসে এসেছে,

- “হযরত মাহদী (আলাইহিস্ সালাম) পৃথিবীতে এমন ভাবে শাসন করবেন যেমনভাবে শাসন করেছিলেন হযরত সুলাইমান (আলাইহিস্ সালাম) এবং হযরত যুলকারনাইন (আলাইহিস্ সালাম)।”(ইবনে হাজার আল হাইসামী, আল ক্বওল আল মুখতাছার ফী আলামাত আল মাহদী আল মুন্তাযার, পৃ. ৩০)

আমরা বিষয়টির উপর বিস্তারিত আলোচনায় না গিয়ে সূরা কাহফের কিছু সংখ্যাতাত্ত্বিক আলোচনা করে শেষ করব।

- হিজরী চতুদর্শ হিজরীর শেষ (১৪০০ হিজরী) এবং পঞ্চদশ হিজরীর শুরু (১৪০১) হয়েছিল যে ইংরেজি বৎসরে তা হলো শেষ যামানার ইতিহাসের একটি টার্নিং পয়েন্ট। আর এই সালটি পাওয়া যায় সূরা কাহাফ যত নম্বর সূরা (১৮) তাকে সূরার আয়াত সংখ্যা (১১০) দ্বারা গুণ করলে। যেমন:

১৮ নং সূরা × ১১০ টি আয়াত = ১৯৮০ সাল

- সূরা কাহফের ৮৪ নম্বর আয়াতটি আমাদের জন্য অনেক গুরুত্বপূর্ণ। আল্লাহ তাআলা হযরত যুল কারনাইন আলাইহিস্ সালাম সম্পর্কে ইরশাদ করেন,

إِنَّا مَكَّنَّا لَهُ فِي ٱلْأَرْضِ وَآتَيْنَاهُ مِن كُلِّ شَيْءٍ سَبَباً

“আমি যমীনের বুকে তাকে ক্ষমতা দিয়েছিলাম এবং এর জন্য তাকে সব উপকরণও দান করেছিলাম।” (ঠিক এমনিভাবে হযরত মাহদী আলাইহিস্ সালামকেও যমীনে প্রতিষ্ঠিত করা হবে।)

১৮: ৮৪ আয়াতটির সংখ্যাতাত্ত্বিক মান (আব্‌যাদ্) হচ্ছে = ১৪৪০ (হিজরী বা ২০১৯ সাল)।

যেহেতু ২০১৯ সালের মধ্য রমজান শুক্রবার ছিল না এবং চলে গিয়েছে। ১৪৪০ হিজরীর পর ১৪৪১ হিজরীর মধ্য রমজান শুক্রবার। ইনশাআল্লাহ হয়তো ১৪৪১ হিজরীতেই (২০২০ সালে) ইমাম মাহদী আলাইহিস্ সালামের আগমন ঘটবে। (আল্লাহ তাআলাই সবচেয়ে ভালো জানেন।)

চ) সিদ্ধান্ত:

উপর্যুক্ত আলোচনা হতে প্রতীয়মান হয় যে, ইমাম মাহদি আলাইহিস্ সালাম এর জন্ম ইন্‌শাআল্লাহ ১৪০১ হিজরী (১৯৮১ ঈসায়ী) সালেই হয়েছে। কেননা ১৪০০ কিংবা ১৪০২ হিজরীতে জন্ম হলে তাঁর চল্লিশ বছর পূর্ণ হতো ২০১৯ বা ২০২১ সালে, যার কোনটিরই মধ্য রমজান শুক্রবার নয়। (আল্লাহ তাআলাই সবচেয়ে ভালো জানেন।)

দ্বিতীয় ভাগ

‘ইসরাঈল’

কবে ধ্বংস হবে?

ইসরাঈল কবে ধ্বংস হবে?

এটি মুসলমানদের মধ্যে একটি জনপ্রিয় ও দীর্ঘ আলোচনার বিষয় এবং এতে কোন সন্দেহ নেই যে, এই প্রসঙ্গে উল্লিখিত ঘটনা অবশ্যই অনিবার্যভাবে ঘটবে, কেননা রাসূলুল্লাহ ﷺ আমাদের অবগতির জন্য এই বিষয়ে ভবিষ্যৎ বাণী করে গিয়েছেন। কিন্তু কখন? এর প্রকৃত জ্ঞান কেবল আল্লাহ তাআলারই আছে।

সহীহ আল বুখারী ও মুসলিম শরীফের হাদীস, হযরত আবু হুরাইরা রদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, আল্লাহর রসূল ﷺ, আল্লাহ তাআলার পক্ষ হতে আশীর্বাদ ও শান্তি তাঁর উপর বর্ষিত হোক, তিনি বলেন, "শেষ সময় (কেয়ামত) আসবে না যতক্ষণ না মুসলমানরা ইহুদীদের বিরুদ্ধে যুদ্ধ করবে ও মুসলমানরা তাদের হত্যা করবে যতক্ষণ না ইহুদীরা নিজেদেরকে পাথর ও গাছের পিছনে লুকাবে আর পাথর বা গাছ বলবে," (ওহে) মুসলমান, অথবা (ওহে) আল্লাহর বান্দা, আমার পেছনে একজন ইহুদী আছে, তাকে হত্যা কর, কিন্তু গারকাদ গাছ প্রকাশ করবে না, কারণ এটি ইহুদীদের গাছ।"

সমস্ত আসমানী ধর্মেই কিছু না কিছু ভবিষ্যত বাণী পাওয়া যায় এবং সেগুলোতে অদৃশ্য বিষয়াবলি কিছু না কিছু প্রকাশ করা হয়েছে। এমন কোন নবী নেই যিনি তাঁর উম্মতদের অদৃশ্য বিষয় সম্পর্কে বলতেন না। অদৃশ্য বিষয়ের খবর বিভিন্ন রূপে এসেছিল। কিছু স্পষ্ট ছিল এবং কিছু ছিল না। কিছু বিষয় সুস্পষ্ট ওহীর মাধ্যমে নাযিল হয়েছিল আর কিছু নবী, এমনকি সাধারণ ব্যক্তির দ্বারা দেখা সত্য স্বপ্নের মাধ্যমেও প্রকাশ করা হয়েছিল। কিছু ঘটনা পরবর্তীতে খুব শীঘ্রই ঘটেছে এবং কিছু বিলম্বে ঘটেছিল আর কিছু ঘটেছিল কয়েক বছর পরে, এমনকি কয়েক শতাব্দী পরেও ঘটেছে।

মুসলমানরা তাওরাত বিশ্বাস করে কিন্তু তারা বিশ্বাস করে যে, এটি পরিবর্তিত এবং বিকৃত হয়েছে। তারা অবশ্যই বিশ্বাস করে যে খাঁটি ও মূল তাওরাতের একটি অংশ এখনও বিদ্যমান। অতএব, তারা অস্বীকার করে না যে, এই খাঁটি অংশটিতে কিছু ভবিষ্যদ্বাণী রয়েছে যার উৎপত্তি ছিল আসমানী ওহী, যদিও এই ভবিষ্যদ্বাণীগুলির কিছু ব্যাখ্যা দরকার হতে পারে।

এই অধ্যায়ে, আমাদের লক্ষ্য কুরআনের দ্বারা সেসব ভবিষ্যদ্বাণীগুলি ব্যাখ্যা করা যা তাওরাতে পূর্বেই উল্লেখ করা হয়েছে।

মূল আলোচনায় যাওয়ার আগে আমাদেরকে কুরআন কারীমের সংখ্যাতাত্ত্বিক মুজেজা সম্পর্কে কিছুটা ধারণা লাভ করা প্রয়োজন। তাই এই বিষয়ে সংক্ষেপে আলোকপাত করা হলো।

আল কুরআনে সংখ্যাতাত্ত্বিক মাহাত্ম্য

আল-কুরআনে এক অত্যাশ্চর্য সংখ্যাতাত্ত্বিক জটিল জাল পাতা রয়েছে যা অতি অভিনব, অতিশয় বিস্ময়কর এবং যে কোন সৃষ্টির পক্ষে তা অনুকরণের ক্ষমতা বহির্ভূত। এটি "১৯" সংখ্যার সুদৃঢ় বুনন। এ সম্পর্কে রায় দিয়েছে সর্বাধুনিক কম্পিউটার। বিশ্বে পড়েছে এক বিপুল সাড়া। কুরআন কারীমে যে সব নিয়ম-কানুন-শৃঙ্খলা মানা হয়েছে, "১৯" সংখ্যার জটিল জালকে এঁটে দেয়া হয়েছে এর মধ্যে- তেমনিভাবে সমশব্দে সম বাক্যসংখ্যায় সমানসংখ্যক অক্ষরে একটি অনুরূপ বৈশিষ্ট্যের গ্রন্থ রচনার জন্য প্রয়োজন পড়ত ৬.২৬ × $১০^{২৬}$ বছর। কত এর মান উল্লিখিত সেপটিলিয়ন সংখ্যাটির? এর পরিমাপ ভাষায় প্রকাশ করা সুকঠিন এবং তা অনুধাবনের অনেক বাইরে। সংখ্যাগতভাবে এর প্রকাশ ৬২৬,০০০,০০০,০০০,০০০,০০০,০০০,০০০,০০০ (৬২৬ এর পর ২৪ টি শূণ্য)। বর্তমানে পৃথিবীর বয়স মাত্র ৪৫০,০০০০০০০ (৪৫০ কোটি) বৎসর। আমরা যদি আজকের দুনিয়ার ৫০০ কোটি মানুষকে পৃথিবীর জন্মলগ্ন হতে নিরবচ্ছিন্নভাবে এই যামানার সকল প্রযুক্তি নিয়ে অনুরূপ একখানি গ্রন্থ লেখার কাজে নিয়োজিত বলে ধরে নেই, তবে উক্ত কম্পিউটার লব্ধ ফলাফল থেকে দেখা যায় যে, মানুষ জাতির এই মহাসম্মিলন প্রসূত কাজের অগ্রগতির মান হবে ৪৫০,০০০০০০০ × ৫০০,০০০০০০০ = ২২৫ × $১০^{১৭}$ কর্ম বছর যা সেপ্টিলিয়ন সংখ্যাটির একশ কোটি ভাগের মাত্র ৩৫ ভাগের সমান, যা হিমালয়ের পাদদেশে ছোট্ট একটি নুড়ির মত তুল্য হবে। আর এ প্রকল্পের শর্ত হলো এই যে, প্রতিটি মানুষেরই আয়ুষ্কাল ৪৫০ কোটি বছর হওয়া বাঞ্ছনীয় এবং এই সময়ের মাঝে তারা অন্য কোন কাজ করতে পারবে না। সুব্হানাল্লাহ!!!

মনে হয় আজকের কম্পিউটার শুধু এই সত্যই আবিষ্কার করেছে, যেই চ্যালেঞ্জ মানবজাতিকে ছুড়ে দেয়া হয়েছিল ১৪০০ বছর পূর্বে-

"(হে মুহাম্মাদ) বল, যদি এই কুরআনের অনুরূপ গ্রন্থ রচনার উদ্দেশ্যে মানবকুল ও জ্বীন জাতি সমবেত হয় পরস্পর পরস্পরের সহযোগিতায়, তবু তারা তা সম্ভব করতে পারবে না।" (১৭ সূরা বনী ইসরাঈল :৮৮)। "বল, আমার প্রভুর বাণীসমূহ লিখার জন্য সমুদ্র যদি কালি হয়, তবুও আমার প্রভুর বাণীসমূহ শেষ হওয়ার পূর্বে সমুদ্র শেষ হয়ে যাবে, যদিও অনুরূপ আরো অন্যান্য সমুদ্রকে সাহায্যের জন্য আনয়ন করা হয়।" (১৮ সূরা কাহাফ: ১০৯)।

কুরআন কারীমের এই অবিশ্বাস্য সত্য মুজেজাটি আবিষ্কৃত হয় **১৯৭৪** সালে, আর **১৯** সংখ্যার এই মুজেজার ইঙ্গিত পাওয়া যায় কুরআন কারীমের **৭৪** নম্বর সূরায় ত্রিশ নম্বর আয়াতে, যেখানে ইরশাদ করা হয়েছে,

عَلَيْهَا تِسْعَةَ عَشَرَ ﴿٣٠﴾

"তাহার উপর উনিশ"/"ইহার মাহাত্ম্য উনিশ" (৭৪:৩০)

এবার চলুন কুরআন কারীমের “১৯” সংখ্যাতাত্ত্বিক মুজেজার কিছু নিদর্শন দেখা যাক।

- সর্বপ্রথম নাযিল হয় ৯৬ নম্বর সূরা, “সূরা আলাক”-এর প্রথম ৫ টি আয়াত। যে প্রথম ৫ টি আয়াত নাযিল হয়েছিল তাতে মোট শব্দের সংখ্যা ১৯। এই ১৯ টি শব্দের মোট অক্ষর সংখ্যা ৭৬ (= ১৯ × ৪)। এই সূরার স্থানাঙ্ক শেষ দিক হতে ১৯তম (১১৪,১১৩,১১২,১১১,....)। এই সূরাতে মোট আয়াতের সংখ্যাও ১৯। এই সূরায় মোট বর্ণের সংখ্যা ৩০৪ (= ১৯ × ১৬)।
- দ্বিতীয়বার হযরত জিবরাঈল আলাইহিস্ সালাম নিয়ে আসেন ৬৮ নম্বর সূরার কয়েকটি আয়াত। তৃতীয়বার ৭৩ নম্বর সূরার কিছু আয়াত। চতুর্থবারে ৭৪ নম্বর সূরা (সূরা মুদ্দাস্সির)-এর ৩০টি আয়াত নিয়ে আসেন, যার সর্বশেষ আয়াতে ঘোষনা করা হয় যে, কুরআনের মাহাত্ম্য ১৯। উক্ত সূরার সব আয়াতই ছোট ছোট একটি আয়াত ব্যতীত (৩১ নং আয়াত), যেই আয়াতে কুরআনের মাহাত্ম্য হিসেবে ১৯ সংখ্যাটি নির্ধারণ করার উদ্দেশ্য বর্ণনা করা হয়েছে। যেমন:“...এই সংখ্যাকে অবিশ্বাসীদের জন্য একটি পরীক্ষার মাধ্যম বানিয়ে দিয়েছি, যাতে গ্রন্থ অনুসরণকারীদের আস্থা সুদৃঢ় হয়, আর বিশ্বাসীদের ঈমান বেড়ে যায় এবং বিশ্বাসীরা ও কিতাবীগণ সন্দেহ পোষণ না করে।...”(৭৪:৩১)। লক্ষ্য করুন-

  ক. সুবৃহৎ এই ৩১ নং আয়াতটিতে মোট শব্দ সংখ্যা ৫৭ (= ১৯ × ৩)। আয়াতটি দুটি অংশে বিভক্ত। প্রথম ভাগে আছে ৩৮ (= ১৯ × ২) টি শব্দ আর দ্বিতীয় ভাগে আছে ১৯টি শব্দ।

